অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/2/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট জলবায়ু প্রভাব মূল্যায়নের প্রযুক্তিগত অধ্যায়সমূহ প্রকাশের ঘোষণা করলেন

স্থিতিস্থাপকতা বৃদ্ধি করার জন্য এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের জন্য প্রস্তুত হওয়ার জন্য 2024 স্টেট অফ দ্য স্টেটের উদ্যোগকে অগ্রসর করে

স্টেটের দেশসেরা জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনকে সমর্থন করে

গভর্নর হোকল আজকে ঘোষণা করলেন যে *আমাদের পরিবর্তনশীল জলবায়ু সম্পর্কে উপলব্ধি ও প্রস্তুতি স্টাডির (Understanding and Preparing for Our Changing Climate Study)* প্রযুক্তিগত অধ্যায়সমূহ প্রকাশ করা হয়েছে, যা জলবায়ু পরিবর্তনের সম্মুখীন হয়ে স্থিতিস্থাপকতা ও অভিযোজন উন্নয়ন করার জন্য নিউ ইয়র্কবাসীকে ডেটা ও তথ্য প্রদান করে যাচ্ছে। জলবায়ু পরিবর্তনের প্রভাবের ক্ষেত্রে স্টেটব্যাপী স্থিতিস্থাপকতা এবং প্রস্তুতি উন্নত করতে 2024 স্টেট অফ দ্য স্টেট উদ্যোগকে অগ্রসরকারী বহু বছরের বৈজ্ঞানিক এই স্টাডিতে আটটি প্রযুক্তিগত অধ্যায় রয়েছে যেখানে কীভাবে বিভিন্ন অর্থনৈতিক খাত বর্ধনশীল তাপমাত্রা এবং চরম আবহাওয়া ইভেন্টের বর্ধিত হারে বারবার আগমনকে সমাধান করা যেতে পারে তা নিয়ে বলা আছে। আজকের ঘোষণাটি স্টেটের দেশসেরা জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) বাস্তবায়নকে সমর্থন করে।

"আমাদের পরিবর্তনশীল জলবায়ুর কারণে হওয়া ঝড়, চরম তাপ এবং বন্যার বিধ্বংসী প্রভাব সম্পর্কে নিউ ইয়র্কবাসীরা খুব ভালো করেই জানে," **গভর্নর হোকল বলেন।** "সম্প্রদায়ের অভিযোজন এবং স্থিতিস্থাপকতা উন্নত করার জন্য এবং একই সাথে অপেক্ষাকৃত নিঃসরণ অব্যাহত রাখার জন্য প্রয়োজনীয় তথ্য ও যন্ত্রাদি দিয়ে আমরা নিউ ইয়র্কবাসী, ব্যবসা প্রতিষ্ঠান, মিউনিসিপ্যালিটি এবং শিল্পখাতসমূহকে সজ্জিত করছি।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority (NYSERDA) নেতৃত্বে হওয়া স্টাডিটি হলো একাডেমিক প্রতিষ্ঠান, বৈজ্ঞানিক সংগঠন, মিউনিসিপ্যালিটি, সম্প্রদায়ের নেতৃত্ববৃন্দ, শিল্পখাতের প্রতিনিধি এবং নিউ ইয়র্ক স্টেট এজেন্সি ও কর্তৃপক্ষসমূহের মধ্যকার একটি সহযোগিতামূলক কাজ। প্রযুক্তিগত অধ্যায়সমূহ আটটি খাতে জলবায়ু পরিবর্তনের ব্যাপারে বিশদ, বিস্তারিত পর্যবেক্ষণ এবং অনুমিত প্রভাব সম্পর্কে জানায়: কৃষি, ভবন, ইকোসিস্টেম, শক্তি, মানব স্বাস্থ্য এবং নিরাপত্তা, সমাজ এবং অর্থনীতি, পরিবহন, এবং পানির সংস্থান। খাতের বিশেষজ্ঞগণ এবং স্টেট এবং

ক্যালিফোর্নিয়া, ম্যারিল্যান্ড, ম্যাসাচুসেটস, নিউ জার্সি, ইন্ডিয়ানা এবং টেক্সাসসহ পুরো দেশের, এবং সেই সাথে কানাডা এবং আদিবাসী সম্প্রদায়সমূহের সদস্যদের বৈচিত্র্যময় সম্প্রদায় ও নাগরিক প্রতিনিধিদের নেতৃত্বে আটটি পৃথক প্রযুক্তিগত কর্মগোষ্ঠী এই অধ্যায়সমূহ তৈরি করেছে। অ্যানালস অফ দ্য নিউ ইয়র্ক একাডেমি অফ সাইন্সেস (Annals of the New York Academy of Sciences) একাডেমিক জার্নালে প্রকাশের জন্য অধ্যায়সমূহ জমা দেওয়া হবে।

NYSERDA প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "স্থিতিস্থাপকতা এবং অভিযোজন কৌশলসমূহ অন্তর্ভুক্ত করার জন্য একটি পরিকল্পনা সংস্থান হিসেবে ব্যবহার করার যোগ্য বিজ্ঞানভিত্তিক এই স্টাডিটি তৈরি করার জন্য স্থানীয়, আঞ্চলিক এবং জাতীয় বিশেষজ্ঞদের একটি বিস্তৃত নেটওয়ার্কের সাথে কাজ করতে পেরে NYSERDA গর্বিত। আমাদের স্টেট নিঃসরণমুক্ত নীতিমালা অগ্রসর করে যাচ্ছে এবং এমন উদ্ভাবনী প্রযুক্তিকে সমর্থন করছে যা জলবায়ু পরিবর্তন মোকাবেলা করতে সাহায্য করবে, তবে আমাদের সম্প্রদায়ে চরম আবহাওয়া ইভেন্টের সামাজিক ও অর্থনৈতিক প্রভাব হ্রাস করার জন্য আমাদেরকে একত্রেও কাজ করতে হবে।"

স্টাডির এই অংশের মূল বিষয় ছিলো নিউ ইয়র্ক স্টেটের জন্য জলবায়ু পরিবর্তনের অনুমান, যা জানুয়ারি মাসের শুরুতে প্রকাশ করা হয়েছে এবং এতে কীভাবে জলবায়ুর পরিবর্তন হয়েছে এবং কীভাবে এটি পরিবর্তিত হতে থাকবে সেই সম্পর্কে সর্বশেষ ডেটা রয়েছে। কলাম্বিয়া ইউনিভার্সিটির (Columbia University) বের করা এই অনুমানগুলির মধ্যে রয়েছে তাপমাত্রা, বর্ষণ, চরম ইভেন্ট এবং সমুদ্রপৃষ্ঠের উচ্চতা, এর ভিত্তি হচ্ছে পৃথিবীর বায়ুমণ্ডল, মহাসাগর এবং অন্যান্য ভৌত বৈশিষ্ট্য বায়ুমণ্ডলে তাপ আটক করে রাখা গ্রিনহাউজ গ্যাস জমে যাওয়ায় ফলে কীভাবে প্রতিক্রিয়া করে তা সিমুলেট করার জন্য বিজ্ঞানীদের তৈরি বাস্তব বুদ্ধিসম্পন্ন কম্পিউটার মডেল। এই কাজ এই বছরের স্টেট অফ দ্য স্টেটে ঘোষণা করা গভর্নর হোকলের সার্বিক স্থিতিস্থাপকতা পরিকল্পনাকে সমর্থন করে যাতে নিউ ইয়র্কবাসীকে চরম আবহাওয়া থেকে সুরক্ষা প্রদান করা যায় এবং জলবায়ু পরিবর্তনের ফলে হওয়া অত্যধিক বৃষ্টিপাত, ব্লিজার্ড, অসহ্য গরম এবং তীক্ষ্ণ ঠাণ্ডার আঘাত থেকে নিউ ইয়র্কবাসীকে রক্ষা করা যায়।

নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "বিধ্বংসী বন্যা, বিপজ্জনক তাপ, এবং অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোকে অতিমাত্রায় আঘাত করা চরম আবহাওয়া ইভেন্ট বেশি হারে বার বার হওয়ার কারণে জলবায়ু পরিবর্তনের প্রভাবের প্রকোপ নিউ ইয়র্কে এবং এর বাইরে সর্বদাই দেখা যাচ্ছে। নিউ ইয়র্কের জলবায়ু প্রভাব মূল্যায়ন (Climate Impacts Assessment) অতিরিক্ত তথ্য প্রদান করে যা স্থিতিস্থাপকতা বৃদ্ধি এবং আমাদের গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার প্রয়াস অগ্রসর করা এবং জলবায়ু সঙ্কট সমাধানে প্রয়োজনীয় বিনিয়োগ ও উন্নয়ন করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীকে জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজন ও সাড়াদানে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন, "আমাদের গ্রহকে রক্ষা করার প্রয়োজন অত্যন্ত জরুরি, এবং আরো টেকসই একটি ভবিষ্যতের দিকে গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটকে নেতৃত্বদান করছেন। আমাদের নিজস্ব কার্বন পদচিহ্ন হ্রাস করা থেকে শুরু করে ভবিষ্যতের সবুজ কর্মীবাহিনীকে

প্রস্তুত করা এবং জলবায়ু পরিবর্তন এবং নবায়নযোগ্য শক্তিতে যুগান্তকারী গবেষণা সম্পাদন করা পর্যন্ত, এই সকল প্রয়াসের কেন্দ্রে থাকতে পেরে SUNY গর্বিত। এই স্টাডিটি সমবেত করার জন্য, তার পরিচ্ছন্ন শক্তি লক্ষ্য অগ্রসর করতে তার প্রতিশ্রুতি, এবং জলবায়ু পরিবর্তনের পরিণতি প্রশমন করতে ও স্থিতিস্থাপকতা পালন করতে গবেষণা ও শিক্ষায় তার চলমান বিনিয়োগের জন্য গভর্নরের প্রতি আমার ধন্যবাদ রইলো।"

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health, DOH) কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "গত গ্রীষ্মকালে যখন কানাডিয়ান দাবানলের ধোঁয়া স্টেটকে অন্ধকারাচ্ছন্ন করে দিয়েছিলো, মানকে প্রভাবিত করেছিলো এবং মেডিকেল জরুরি অবস্থার ঝুঁকি বৃদ্ধি করে দিয়েছিলো তখন নিউ ইয়র্কবাসীরা জলবায়ু পরিবর্তনের প্রভাব সরাসরি অনুভব করেছে। গভর্নর হোকলের অব্যাহত সমর্থন নিয়ে জলবায়ু পরিবর্তনের প্রভাব নিয়ে এবং এইসব ইভেন্টের সাথে সংশ্লিষ্ট জনস্বাস্থ্য ঝুঁকি নিয়ে অধ্যয়ন করা আমাদের জন্য অতি গুরুত্বপূর্ণ। এই সহযোগিতামূলক, প্রমাণভিত্তিক স্টাডিটি এমন সাধারণ বুদ্ধির নীতিমালা ও সুপারিশকে আরো অবগত করবে যা নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও সুস্থতাকে অগ্রাধিকার প্রদান করবে।"

স্টেটের সিনেটর পিটার হারখ্যাম বলেন, "জলবায়ু পরিবর্তনের তীব্রতা এবং জলবায়ু স্থিতিস্থাপকতা বলীয়ান করার প্রয়োজনীয়তা উপলব্ধি করার জন্য নিউ ইয়র্কবাসীর কাছে যাতে একটি থাকে তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য জলবায়ু প্রভাব মূল্যায়ন একটি গুরুত্বপূর্ণ ধাপ। জলবায়ু স্থিতিস্থাপকতা উন্নত করার মধ্যে রয়েছে কীভাবে জলবায়ু পরিবর্তন নতুন জলবায়ু সম্পর্কিত ঝুঁকি তৈরি বা বর্তমান ঝুঁকিকে পরিবর্তন করবে তার মূল্যায়ন করা এবং সেই ঝুঁকি আরো ভালোভাবে সামাল দেওয়ার জন্য পদক্ষেপ গ্রহণ করা। জলবায়ু পরিবর্তন কীভাবে দৈনিক জীবনকে প্রভাবিত করবে এবং কীভাবে প্রস্তুতি নিতে হবে এই বিষয়ে সকলের অবগত হওয়া প্রয়োজন। গভর্নর ও তাদের দলের গুরুত্বপূর্ণ কাজের জন্য আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ গ্লিক বলেন, "জলবায়ু পরিবর্তনকে স্বীকৃতি দেয় এমন একটি স্টেটে বাস করতে পেরে এবং গভর্নর হোকল, নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগ, এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ যে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করার জন্য অগ্রগামী চিন্তা বিকাশে মনোযোগী তা নিয়ে আমি গর্বিত। এই অমূল্য তথ্য সমাধানের পথ প্রদর্শন করবে যা নিউ ইয়র্ককে আরো টেকসই ও স্থিতিস্থাপক একটি সমাজ হিসেবে গড়ে তুলবে।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্টি অ্যাসোসিয়েশনের (New York State Association of Counties) নির্বাহী পরিচালক স্টিভেন জে. অ্যাকোয়ারিও বলেন, "নিউ ইয়র্ক স্টেট জলবায়ু প্রভাব মূল্যায়ন প্রকাশের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের মতো গুরুত্বপূর্ণ ব্যাপার সমাধানে গভর্নর হোকলের প্রতিশ্রুতির আমরা প্রশংসা করছি। সাম্প্রতিক বৈজ্ঞানিক গবেষণার ভিত্তিতে হওয়া সার্বিক এই বিশ্লেষণটি আমাদের সম্প্রদায়কে জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট সমস্যার মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় জ্ঞান দ্বারা সাজটি করতে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। কর্মযোগ্য অন্তর্দৃষ্টি এবং অভিযোজন ও স্থিতিস্থাপকতার জন্য কৌশল প্রদান করার মাধ্যমে মূল্যায়নটি শুধু পুরো স্টেটের বাসিন্দা, ব্যবসা প্রতিষ্ঠান, ও নীতি নির্ধারকদের ক্ষমতায়ন করবে না, বরং এছাড়াও জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমনের জন্য

সক্রিয় ব্যবস্থা গ্রহণের গুরুত্বকে তুলে ধরবে। এই সংস্থানকে ব্যবহার করে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো স্থিতিস্থাপক এবং টেকসই একটি ভবিষ্যৎ গঠন করার জন্য আমাদের সদস্যদের সাথে কাজ করতে আমরা উন্মুখ।"

কর্নেল ইউনিভার্সিটির (Cornell University) কৃষি ও লাইফ সাইন্স কলেজের (College of Agriculture and Life Sciences, CALS) রোনাল্ড পি. লিঞ্চ ডিন, বেঞ্জামিন হল্টন বলেন, "নিউ ইয়র্কের বাসিন্দারা বাস্তব সময়ে জলবায়ু পরিবর্তনের প্রভাবের অভিজ্ঞতা পাচ্ছে, এটি আমাদের স্টেটের কৃষি খাদ্য খাতে এবং আমাদের দৈনন্দিন জীবনের প্রতিটি দিকে তরঙ্গের মতো প্রভাব সৃষ্টি করছে। কিন্তু আমাদের অভিযোজন করার এবং আমাদের বিশ্বের চাহিদা পরিবর্তন করার ক্ষমতা রয়েছে। আমাদের সম্প্রদায়সমূহকে এইসব পরিবর্তনের জন্য প্রস্তুত করতে গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতির জন্য আমরা কৃতজ্ঞ। নিউ ইয়র্কবাসীকে জলবায়ু পরিবর্তনের প্রভাবের জন্য প্রস্তুত করতে এবং সমৃদ্ধি অব্যাহত রাখতে প্রশমন কৌশলের ব্যাপারে তাদের সমর্থন করতে আমাদের সামগ্রিক অভিজ্ঞতা নিয়ে আসার সুযোগ পেয়ে, নিউ ইয়র্কের ল্যান্ড-গ্র্যান্ট প্রতিষ্ঠান হিসেবে কর্নেল CALS গর্বিত।"

+ল্যাব আর্কিটেক্টের (+lab Architect) প্রিন্সিপ্যাল এবং নিউ ইয়র্ক সিটি কলেজ অফ টেকনোলজির (New York City College of Technology) অধ্যাপক ইলায়া আজারোফ বলেন, "নিউ ইয়র্ক স্টেট জলবায়ু প্রভাব মূল্যায়ন হলো একটি অত্যাবশ্যকীয় অগ্রগামী ধাপ এবং এটি শুধু স্টেটের জন্য অসাধারণ একটি সংস্থান নয়, বরং স্থিতিস্থাপকতা ধারণক্ষমতা বিকাশ এবং ভবিষ্যতে বিনিয়োগ করলে যে তা সমতা তৈরি করে ও সম্প্রদায়সমূহ যেই অনুমিত বিঘ্নের সম্মুখীন হবে তা সত্ত্বেও সমৃদ্ধি করার মতো সম্পূর্ণ সম্প্রদায় গঠন করবে এই উপলব্ধির জন্য সম্প্রদায়সমূহ জুড়েও সংস্থান প্রদান করে।"

স্টাডিতে প্রদত্ত ডেটা এবং তথ্য জলবায়ু পরিবর্তনের প্রভাবের ক্ষেত্রে পদক্ষেপ গ্রহণ ও অভিযোজনের গুরুত্বকে তুলে ধরেছে। নবায়নযোগ্য শক্তি স্থাপন, ভবন ও পরিবহন খাতের বিদ্যুতায়ন, এবং শক্তি দক্ষতা বৃদ্ধি করার মতো সব সমাধানই গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে সাহায্য করে এবং নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহে সংশ্লিষ্ট প্রভাব হ্রাস করে। নিউ ইয়র্ক স্টেট জলবায়ু প্রভাব মূল্যায়নের একটি তৃতীয় অংশ এই বছরের শেষে প্রকাশ করা হবে, যেখানে নিউ ইয়র্ক স্টেটে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাবসমূহের বিশ্লেষণ করা হবে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, সকল খাতে একটি সবুজ অর্থনীতি গড়ে তোলার কাজ অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগ দ্বারা প্রাপ্ত লাভের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে প্রদান করার লক্ষ্য নিয়ে তার কমপক্ষে 35 শতাংশের তাদের প্রদান করা হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহের কিছু দ্বারা নির্দেশিত হয়ে, নিউ ইয়র্ক প্রয়াসের একটি গুচ্ছকে অগ্রসর করছে, যার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক ক্যাপ এবং বিনিয়োগ (New York Cap-and-Invest program, NYCI) কর্মসূচি এবং অন্যান্য সম্পূরক নীতিমালা, যাতে করে 2030 সালের মধ্যে 1990 এর মাত্রার তুলনায় 40 শতাংশ এবং 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। এছাড়াও নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎ খাত অর্জন করার পথে রয়েছে, এর মধ্যে

রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়ন যোগ্য শক্তি উৎপাদন, এবং শতকের মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো পরিচ্ছন্ন শক্তিতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেটজুড়ে 64টি বড় আকারের নবায়নযোগ্য ও ট্রান্সমিশন প্রকল্পে 40 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, ভবন থেকে নিঃসরণ হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য প্রায় 3 বিলিয়ন মার্কিন ডলার, এবং 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি গ্রিন ব্যাংক (Green Bank) প্রতিশ্রুতি। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2022 সালে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 170,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। 400টির বেশি নিবন্ধিত ও 130টির বেশি প্রত্যয়িত জলবায়ু স্মার্ট সম্প্রদায় (Climate Smart Communities), প্রায় 500টি পরিচ্ছন্ন শক্তি সম্প্রদায়কে (Clean Energy Communities) নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে অগ্রসর করা অব্যাহত রেখেছে, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি বায়ু পর্যবেক্ষণ উদ্যোগের মাধ্যমে বায়ু দূষণকে লক্ষ্য করে জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন